ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬৫
আগরতলা, ২৫ এপ্রিল, ২০২৫

**রাজভবনে ইউনিট এপ্রিসিয়েশন প্রোগ্রাম অনুষ্ঠিত**




ভারতীয় সেনা, আসাম রাইফেলস এবং এনসিসি ক্যাডেটদের ত্রিপুরায় কাজ করার ক্ষেত্রে অসামান্য অবদান ও পরিষেবা দেবার জন্য আজ সন্ধ্যায় রাজভবনের দরবার হলে ইউনিট এপ্রিসিয়েশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সম্প্রতি কাশ্মীরের পহেলগাম-এ দুঃখজনক ঘটনার কথা উল্লেখ করেন। তিনি বলেন, যেকোন সময় আমাদের জাতীয় সুরক্ষায় আঘাত আসতে পারে। আমাদের দেশ রক্ষা করার জন্য প্রতিটি সৈনিক এবং ভারতবাসীকে সজাগ থাকতে হবে। তিনি বলেন, এনসিসি ক্যাডেটগণ আমাদের দেশের ভবিষ্যৎ। তিনি আশা প্রকাশ করেন এনসিসি ক্যাডেটগণ ভারতকে এক নতুন উচ্চতায় পৌঁছে দেবেন। রাজ্যপাল ভারতীয় সেনাবাহিনীর ৩০৫ ফিল্ড রেজিমেন্ট, ২৮ ব্যাটেলিয়ান আসাম রাইফেলস, এনসিসি'র নর্থইষ্ট রিজিয়ন এন্ড ত্রিপুরার আধিকারিকদের হাতে ইউনিট এপ্রিসিয়েশন লেটার তুলে দেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ২১ সেক্টর আসাম রাইফেলসের ব্রিগেডিয়ার মনিষ রানা, ৫৭ আর্টিলারি ব্রিগেড-এর কমান্ডার ব্রিগেডিয়ার দীনেশ পান্ডা, এনসিসি শিলচর এর গ্রুপ কমান্ডার ব্রিগেডিয়ার কপিল সুদ। রাজভবনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****